গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

স্মারক নং-৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৫৩(৭).১১/১৮১ তারিখ: ০৭ আশ্বিন ১৪২৬
২২ সেপ্টেম্বর ২০১৯

# সংশোধিত পরিপত্র

বিষয় ঃ উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত সংশোধিত পরিপত্র।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীনে নির্মিত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য ০৪ ডিসেম্বর ২০১৮ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৫৩(৭).১১/৫৩৯ নং স্মারকে পরিপত্র আংশিক সংশোধনক্রমে এ সংশোধিত পরিপত্র জারি করা হল।

১। উপজেলা কমিটি ঃ

| | | |
|---|---|---|
| (১) উপজেলা নির্বাহী অফিসার | ঃ | আহবায়ক |
| (২) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট থানা) | ঃ | সদস্য |
| (৩) উপজেলা সমাজসেবা অফিসার | ঃ | সদস্য |
| (৪) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত স্থানীয় ০৩(তিন) জন মুক্তিযোদ্ধা (লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকাভুক্ত) | ঃ | সদস্য |
| (৫) উপজেলা প্রকৌশলী, এলজিইডি | ঃ | সদস্য-সচিব |

১.২ কমিটির দায়িত্ব ও কর্মপরিধিঃ

(ক) কমিটি কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ তদারকি ও মনিটরিং করবে;
(খ) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর নিকট থেকে ভবন নির্মাণ কাজের সমাপ্তি প্রতিবেদন প্রাপ্তির অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্মাণ কাজের বিষয়ে প্রতিবেদন সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করবে;
(গ) কমিটির প্রতিবেদনের ভিত্তিতে চূড়ান্ত বিল পরিশোধ করা হবে;
(ঘ) বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য নির্ধারিত স্থানের (১ম ও ২য় তলা) যৌক্তিক ভাড়া/অগ্রিম নির্ধারণ করতে হবে;
(ঙ) মুক্তিযোদ্ধাগণ যাতে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার করতে পারেন, কমিটি সে বিষয়টি নিশ্চিত করবেন;
(চ) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখার বিষয়টি নিশ্চিত করবেন;
(ছ) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের জন্য নিয়োগকৃত কর্মচারী কর্তৃক কক্ষসমূহ নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন এবং আসবাবপত্র রক্ষণাবেক্ষণ করবে, এর ব্যত্যয় হলে কমিটি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন;এবং
(জ) কমিটি কমপ্লেক্স ভবনের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে।

২। ভবন হস্তান্তর ও রক্ষণাবেক্ষণ ঃ

(ক) উপজেলা কমিটির প্রতিবেদনের ভিত্তিতে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনটি প্রকল্প পরিচালক কর্তৃক প্রশাসক, উপজেলা মুক্তিযোদ্ধা কম্যান্ড এর নিকট হস্তান্তর করা হবে;
(খ) সমাপ্ত প্রকল্পের আওতায় নির্মিত ভবনের রক্ষণাবেক্ষণে কারিগরি সহায়তা প্রদানসহ তত্ত্বাবধান কাজ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) করবে।

৩। ভবন ভাড়া ও ব্যবহার সংক্রান্ত ঃ

(ক) উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ৩য় তলা নির্বাচিত কমিটি/উপজেলা মুক্তিযোদ্ধা কম্যান্ড এর দাপ্তরিক কর্মকান্ড পরিচালনা ও উপজেলা মুক্তিযোদ্ধাদের সম্মেলন কক্ষ হিসেবে ব্যবহৃত হবে;
(খ) বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য ১ম ও ২য় তলার ভাড়া/অগ্রিম নির্ধারণ করার বিষয়টি কমিটির মাধ্যমে নির্ধারিত হবে এবং উপজেলা মুক্তিযোদ্ধা কম্যান্ড কর্তৃক কমপ্লেক্সটি পরিচালিত হবে;
(গ) কমপ্লেক্স ভবনটির সার্বিক দেখাশুনার ভার ও মুক্তিযোদ্ধাদের প্রতিষ্ঠান হিসেবে এর মর্যাদা অক্ষুন্ন রাখার দায়িত্ব উপজেলা মুক্তিযোদ্ধা কম্যান্ড এর উপর ন্যস্ত থাকবে। প্রতিষ্ঠানের অমর্যাদা হয় এমন কোন কাজে ভবনটি ব্যবহার করা যাবে না;
(ঘ) কমিটি কর্তৃক প্রতিবছর ভাড়া নির্ধারিত হবে;
(ঙ) দোকান ভাড়া প্রতিযোগিতামূলকভাবে নির্ধারণ করতে হবে; এবং
(চ) বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে ভাড়া/বরাদ্দ প্রদান সম্পর্কিত নির্দেশনা ব্যতিত বিকল্প ব্যবহার/ভাড়া প্রদানের প্রয়োজন হলে কমিটির যৌক্তিকতা সম্বলিত সুপারিশ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

D:\Project -\Socal Zila-\Letter - Zilla.doc

৪। আর্থিক বিষয় ঃ

(ক) ভবনের বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে ভাড়া বাবদ উপার্জিত অর্থ থেকে ভবনের রক্ষণাবেক্ষণ কাজে ব্যয় হবে ১০%, উপজেলা কমান্ড এর দাপ্তরিক ব্যয় অর্থাৎ কর্মচারীদের বেতনসহ ব্যয় করা হবে সর্বোচ্চ ৩০%, স্থানীয় অসচ্ছল মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য প্রদান খাতে ব্যয় হবে ১০%, মুক্তিযুদ্ধ বিষয়ক প্রচার প্রচারণা ও বিভিন্ন দিবস পালন বাবদ ১০% এবং ভবনের ভবিষ্যৎ উন্নয়নের জন্য সঞ্চয় করতে হবে ৪০%;

(খ) উপজেলা কমিটি ভাড়ার অর্থ সংরক্ষণ করবে এবং উক্ত অর্থ ব্যয়/বিতরণের দায়িত্ব পালন করবে;

(গ) আদায়কৃত অর্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপজেলা কমান্ড সমূহের নির্বাচন না হওয়া পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,এর একক হিসাবে যে কোন তফসিলী ব্যাংকে গচ্ছিত থাকবে এবং উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,এর একক স্বাক্ষরে ব্যাংক থেকে অর্থ বিল আকারে উত্তোলিত হবে;

(ঘ) উপজেলা কমিটি প্রতি বছর কমপ্লেক্স ভবনের আয়-ব্যয়ের হিসাব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে, যা নিরীক্ষাযোগ্য হবে; এবং

(ঙ) উপজেলা কমিটি আর্থিক অনুদানের বিষয়টি চূড়ান্ত করবে।

৫। ভবনের জনবল ঃ

উপজেলা কমিটি প্রকল্পটি সমাপ্তির পর প্রতিটি উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পরিচালনার জন্য ১ জন তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর, ১ জন অফিস সহায়ক ও ১ জন গার্ড নিয়োগ করতে পারবে।

৬। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ক্ষেত্রে এ সংশোধিত পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এটি বলবৎ থাকবে।

৭। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১/৫৩৯ তারিখ: ০৪ ডিসেম্বর ২০১৮ মূলে জারিকৃত পরিপত্র এতদ্বারা বাতিল করা হ'ল।

২৩.০১.২০১৯

(মোঃ মমিনুর রহমান)
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫১১১৮৮

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

.......................... উপজেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), আগারগাঁও, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৩। প্রশাসক, (যুগ্মসচিব) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।
৪। জেলা প্রশাসক (সকল)-------------------------------জেলা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৭। প্রকল্প পরিচালক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----------------------------------।
৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল) ------------------ জেলা।
১০। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১২। অফিস কপি/গার্ড ফাইল।

D:\Project -\Socal Zila-\Letter - Zilla.doc